



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৩৮০/০২

তারিখ : ০১-০১-২০২৪ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব শ্যামল কুমার চৌধুরী-এর চূড়ান্ত বরখাস্ত নামঞ্জুর প্রসঙ্গে।

সূত্র : ক) গত ২৬-১২-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮৪তম সভার ৮৪(২) নং আলোচ্যসূচির ১১ (এগারো) নং ক্রমিকের সিদ্ধান্ত।

খ) ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব গৌতম কুমার দত্ত-এর ২৪-০৮-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২২১৭৩)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৬-১২-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮৪তম সভার ৮৪(২) নং আলোচ্যসূচির ১১ নং (এগারো) ক্রমিকের সিদ্ধান্ত মোতাবেক যশোর জেলার কেশবপুর উপজেলাধীন সাগরদাঁড়ী মাইকেল সধুসূদন ইনস্টিটিউশন-এর বাদী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব গৌতম কুমার দত্ত বিবাদী বিদ্যালয়ের এডহক কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব শ্যামল কুমার চৌধুরী-কে চূড়ান্ত বরখাস্তকরণে অনুমতি প্রদানের জন্য আপিল এন্ড আবিট্রেশন কমিটির সভায় আবেদন দাখিল করলে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে বাদী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব গৌতম কুমার দত্ত-কে পর পর দুইটি সভায় উপস্থিত হওয়ার জন্য নোটিশ প্রদান করলে প্রথম সভায় সময় চেয়ে আবেদন দাখিল করেন এবং দ্বিতীয় সভায় হাজির না হওয়ায় বাদীর অভিযোগ হতে অব্যাহতি প্রদানসহ চূড়ান্ত বরখাস্তের আবেদনটি নামঞ্জুর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বিবাদী সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব শ্যামল কুমার চৌধুরী-কে বাদী ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব গৌতম কুমার দত্ত-এর অভিযোগ হতে অব্যাহতি প্রদানসহ স্বপদে যোগদানের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জনাব শ্যামল কুমার চৌধুরী
প্রধান শিক্ষক
সাগরদাঁড়ী মাইকেল সধুসূদন ইনস্টিটিউশন (১১৫৮২০)
সাগরদাঁড়ী, কেশবপুর, যশোর

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৩৮০/০২(১-১১)

তারিখ : ০১-০১-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। জেলা প্রশাসক, যশোর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৬। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের-ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)
- ৯। সভাপতি, সাগরদাঁড়ী মাইকেল সধুসূদন ইনস্টিটিউশন, সাগরদাঁড়ী, কেশবপুর, যশোর।
- ১০। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব গৌতম কুমার দত্ত, সাগরদাঁড়ী মাইকেল সধুসূদন ইনস্টিটিউশন, সাগরদাঁড়ী, কেশবপুর, যশোর।
- ১১। সংরক্ষণ নথি।

০১/০১/২০২৪

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

০১/০১/২০২৪